

খাদ্যশস্যে পরাগযোগে বাম্বল্ বী নামক ভ্রমরের প্রয়োগ করা হয়, আর সেই উদ্দেশ্যে তাদের চাষ করা হয় অনেক দেশে। ভ্রমরের চাক সরবরাহ এক বিশ্বব্যাপী ব্যবসা, যার ফলে নিজেদের স্বাভাবিক প্রাকৃতিক পরিসীমার চেয়ে অনেক দূরে ছড়িয়ে পড়েছে এরা, বিশেষ করে বোম্বাস টেরেস্ট্রিস নামক ইউরোপীয় প্রজাতি আর বোম্বাস ইমপেশেন্স নামক উত্তর আমেরিকার প্রজাতি। জাপান, অস্ট্রেলেশিয়া, চিলি ও আর্জেন্টিনার বিভিন্ন এলাকায় পাওয়া যায় এদের। দেশজ প্রজাতিদের নানারকম ক্ষতি করতে পারে ভীনদেশীয়, বহিরাক্রমণকারী প্রজাতিরা; একদিকে যেমন তৈরী হতে পারে খাদ্য বা আশ্রয় নিয়ে প্রতিযোগিতা, অন্যদিকে বহিরাগতদের সঙ্গে দেশজদের মিলনের ফলে হারিয়ে যেতে পারে স্থানীয় অভিযোজিত ইকোটাইপ, ছড়িয়ে পড়তে পারে ভীনদেশীয় রোগ। বানিজ্যিক ভ্রমরদের থেকে জাপান, উত্তর ও দক্ষিণ আমেরিকার ভ্রমরদের মধ্যে পরজীবীরা ছড়িয়ে পড়েছে বলে বিজ্ঞানীদের অনুমান, যা দেশজ জনসংখ্যার ওপর মারাত্মক প্রতিফলন ঘটাতে পারে।

IUCN BBSG-র মতে, বানিজ্যিক কারণে ভ্রমরের গতিবিধি ও বিস্তারে যথেষ্ট পরিমাণে সতর্কতা অবলম্বনের প্রয়োজন রয়েছে, যাতে অযাচিত কোনো অনিষ্ট না ঘটে। স্থানীয় প্রজাতি ও উপপ্রজাতির ভ্রমরের চাষ করে, তাদের স্বাভাবিক পরিসীমার মধ্যে বানিজ্যিক ব্যবহার করা প্রয়োজন। বানিজ্যিক কারণে ব্যবহৃত সব ভ্রমরগুলি পরজীবীমুক্ত কিনা, তা পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে দেখা উচিত। এই দায়িত্ব ভ্রমর উৎপাদক ও নিয়ন্ত্রক দুই পক্ষেরই। খোলা জমিতে চাষের সময় স্বাভাবিক পরাগবাহীদের সঙ্গে (অথবা তাদের পরিবর্তে) যদি বানিজ্যিক ভ্রমরদের ব্যবহার করা হয়, তাহলে শুধুমাত্র দেশজ প্রজাতি (অথবা ভৌগলিক দিক থেকে উপযুক্ত কোনো উপপ্রজাতির ভ্রমরই ব্যবহার করা উচিত। চারাঘরের ভেতরে ভ্রমরের ব্যবহারে তাদের পালিয়ে যাওয়ার ঝুঁকি থাকে, সুতরাং এক্ষেত্রে যথেষ্ট সতর্কতা অবলম্বন করা প্রয়োজন।